২৯/১০/২০০০

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৩ কলাম ...১১.....

# সন্ত্রাসের বিরুদ্ধে সকল ভার্সিটিতে গণসংযোগ করবে ছাত্রফ্রন্ট

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট সন্ত্রাস ও দখল দারিত্বের বিরুদ্ধে দেশের সকল বিশ্ববিদ্যালয়ের হল, ক্যাম্পাস ও ফ্যাকাল্টিতে আগামী ১ নভেম্বর থেকে ১০ নভেম্বর পর্যন্ত ছাত্র গণসংযোগ ও প্রচারণা কর্মসূচী পালন করবে। গতকাল (শনিবার) মধুর ক্যান্টিনে ছাত্রফ্রন্ট পাবলিক বিশ্ববিদ্যালয় শাখাসমূহের এক সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচী ঘোষণা দেয়া হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রফ্রন্ট ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মাহমুদুর রহমান মামুন।

সাংবাদিক সম্মেলনে বক্তাগণ দেশের সকল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু ও গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিতকরণ এবং বিশ্ববিদ্যালয়ের বাজেট ঘাটতি পূরণে বিশেষ বরাদ্দ প্রদানের দাবী জানান।